

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯২

কুমারঘাট, কাঞ্চনপুর, অমরপুর,
সারুম, ২৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট গ্রহণের প্রস্তুতি
খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন আধিকারিকের বিভিন্ন জেলায় সফর**

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট গ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল উনকোটি জেলার কুমারঘাট, উত্তর ত্রিপুরা জেলার কাঞ্চনপুর, গোমতী জেলার অমরপুর ও দক্ষিণ ত্রিপুরা জেলার সারুম সফর করেন। এই সফরে মুখ্য নির্বাচন আধিকারিকের সাথে ছিলেন স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও। মুখ্য নির্বাচন আধিকারিক সকালে উনকোটি জেলার কুমারঘাট মহকুমার রাধানগরে আসাম রাইফেলসের হেলিপ্যাডে এসে পৌঁছালে তাঁকে স্বাগত জানান উনকোটি জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ডি কে চাকমা, পুলিশ সুপার কান্তা জাঙ্গির, এআরও তথা কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, কুমারঘাট মহকুমা পুলিশ আধিকারিক কমল দেববর্মা প্রমুখ।

মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল কুমারঘাট পূর্ত দপ্তরের ডাক বাংলায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ৫০-পাবিয়াছড়া (এসসি) ও ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা ক্ষেত্রের ভোটের যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখতে সাধারণ প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে এক পর্যালোচনা সভা করেন। সভায় তিনি আইন শৃঙ্খলা রক্ষা, সেক্টর অফিসার, মাইক্রো অবজারভারদের ভূমিকা, স্ট্রং রুম, ডিসপারসেল সেন্টার, ইউসি এবং পোস্টাল ব্যালটে ভোট প্রদান নিয়ে পর্যালোচনা করেন। ভোট গ্রহণ প্রক্রিয়ায় কোথাও যাতে কোনও ত্রুটি না থাকে সেজন্য সংশ্লিষ্টদের তিনি নির্দেশ দেন। পর্যালোচনা সভা শেষে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে সবাইকে ভোটদানে অংশগ্রহণ করতেও আহ্বান জানান। তাছাড়াও মুখ্য নির্বাচন আধিকারিক এদিন পাবিয়াছড়া কলোনী হাইস্কুলে ডিসপারসেল সেন্টার পরিদর্শন করেন।

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আজ কাঞ্চনপুর সফর করেন। কাঞ্চনপুরে তিনি কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে পোস্টাল ভোটিং সেন্টার পরিদর্শন করেন। এই বিদ্যালয়েই তিনি কাঞ্চনপুর মহকুমার ৫৯-পৈঁচারখল (এসটি) এবং ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের স্ট্রং রুম পরিদর্শন করেন। পোস্টাল ভোটিং সেন্টার ও স্ট্রং রুম পরিদর্শনের সময় মুখ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে উপস্থিত ছিলেন স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও, উত্তর ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, এআরও তথা উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, এআরও তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণ রাজ প্রমুখ। এরপর মুখ্য নির্বাচন আধিকারিক কাঞ্চনপুর ডাকবাংলায় ভোটের প্রস্তুতি বিষয়ে আধিকারিকগণের সঙ্গে বৈঠক করেন। এই বৈঠকে এআরও তথা পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক আর দেশাই সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****২য় পাতায়

(২)

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আজ অমরপুর মহকুমা সফর করেন। তিনি অমরপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৪১-অম্পিনগর (এসটি) ও ৪২-অমরপুর বিধানসভা ক্ষেত্রের স্ট্রং রুম এবং ফ্যাসিলিটেশন সেন্টার পরিদর্শন করেন। এরপর তিনি অমরপুর ডাকবাংলোয় ভোটের প্রস্তুতি নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকগণের সঙ্গে বৈঠক করেন ও প্রয়োজনীয় নির্দেশ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা, অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ, পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ।

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আজ সারুম মহকুমা সফর করেন। সারুম মহকুমা শাসক কার্যালয়ে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা নির্বাচনী আধিকারিক, এআরও, মহকুমা পুলিশ আধিকারিকদের সাথে সভা করেন। সভায় ভোট গ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ দেন। সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, পুলিশ সুপার অশোক কুমার সিনহা, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যনন্দ সরকার, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক রিংকু লাথার, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য ও অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভা শেষে তিনি সারুম মহকুমায় স্ট্রং রুম ও কাউন্টিং হল পরিদর্শন করেন।
